বাংলাদেশ সেনাবাহিনী

# নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ সেনাবাহিনীর সাংগঠনিক কাঠামোর নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত অস্থায়ী বেসামরিক শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে;

| ক্র/নং | পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স | বেতন স্কেল-২০১৫ অনুযায়ী |
|---|---|---|---|---|---|
| ১। | অ্যাসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি ;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরী । | ৩৫ বৎসর | ৩৫,৫০০-৬৭,০১০/- (৬ষ্ঠ গ্রেড) |
| ২। | প্রোগ্রামার | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি ;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরী । | ৩৫ বৎসর | ৩৫,৫০০-৬৭,০১০/- (৬ষ্ঠ গ্রেড) |
| ৩। | মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি ;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার/সিনিয়র কম্পিউটার অপারেটর হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরী । | ৩৫ বৎসর | ৩৫,৫০০-৬৭,০১০/- (৬ষ্ঠ গ্রেড) |

**অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে**

২। প্রার্থীর বয়স **২১ জুন ২০২৬** তারিখে ৩৫ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করতে হবে;

৪। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধিত হলে তা অনুসরণ করা হবে;

৫। শুধুমাত্র মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৬। প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে;

ক। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

খ। পূরণকৃত Application Copy, Admit Card সহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ১(এক) সেট ফটোকপি এবং ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সাম্প্রতিক সত্যায়িত রঙিন ছবি (সর্বোচ্চ ৩ মাসের পুরানো) দাখিল করতে হবে;

গ। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থী হলে-উক্ত প্রার্থীগণকে এ সংক্রান্ত প্রমাণকের মূলকপি প্রদর্শন করতে হবে এবং তা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে ফটোকপি দাখিল করতে হবে;

ঘ। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/পৌর চেয়ারম্যান/মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে;

ঙ। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

চ। বৈধ জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ১(এক) কপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

৭। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং অনিবার্য কারণবশতঃ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৮। <u>আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:</u>

ক। আগ্রহী প্রার্থীগণ https://baccp.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী https://baccp.teletalk.com.bd, www.mod.gov.bd ও www.army.mil.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

<u>আবেদনের সময়সীমা নিম্নরূপ:</u>

(i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **২১ মে ২০২৬ সকাল ১০.০০টা;**

(ii) Online এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: **২১ জুন ২০২৬ রাত ১২.০০টা পর্যন্ত;**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ। Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্পষ্ট সাম্প্রতিক রঙিন ছবি (সর্বোচ্চ ৩ মাসের পুরানো) (দৈর্ঘ্য 300X প্রস্থ 300 pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য 300 X প্রস্থ 80 pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। ভুল বা অসত্য তথ্য দাখিল করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ। **<u>SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:</u>** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। Applicant's copy তে User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী কর্তৃক নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকাসহ **মোট ২২৩/- (দুইশত তেইশ)** টাকা এবং অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থী কর্তৃক পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ **মোট ৫৬/- (ছাপান্ন)** টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না";

প্রথম SMS : BACCP<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : BACCP ABCDEF & send to 16222.

Reply SMS : Applicants Name, Tk-**223/- or 56/-** will be charged as application fee. Your PIN is **12345678,** To pay fee Type **BACCP** <space>YES<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : **BACCP** <space> YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : **BACCP** YES **12345678** & send to **16222.**

Reply SMS : Congratulations Applicant's Name, payment completed successfully for **BACCP** Application for <post name> User ID is (ABCDEF) and Password (******).

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS-এ Password পাবেন, এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download-এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন;

চ। প্রার্থী SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙিন Print (সম্ভব হলে) করে নিবেন। প্রার্থী Printed প্রবেশপত্রটি মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

ছ। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

জ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **https://baccp.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে;

ঝ। শুধু Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন :

(i) User ID জানা থাকলে: **BACCP** <space> Help<space> User<space> User ID & send to 16222.
Example : **BACCP** Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে: **BACCP** <space> Help<space> PIN <space> PIN No & Send to 16222.
Example : **BACCP** Help PIN **12345678** & send to 16222.

ঞ। Online -এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা যে কোন অপারেটরের ফোন নম্বর থেকে ০১৫০০-১২১১২১ নম্বর এ কল করতে পারবেন। এছাড়া vas.query@teletalk.com.bd এবং alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে;

(Mail এর Subject এ Organization "**BACCP**", Post Name: *******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে); এবং

৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**সতর্কীকরণ**

**সেনাবাহিনীতে নিয়োগের ক্ষেত্রে প্রতারক বা দালালের কবল থেকে সতর্ক থাকুন। কেউ আর্থিক লেনদেনসহ কোন প্রকার প্রতারণা করার চেষ্টা করলে তাকে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করুন। ভুয়া ঠিকানা, ভুয়া সনদপত্র কিংবা ভুল তথ্য প্রদানের মাধ্যমে সেনাবাহিনীতে নিয়োগের তথ্য উদঘাটিত হলে চাকুরীর যে কোন পর্যায়ে আইনানুগ (বরখাস্ত করণসহ) ব্যবস্থা গ্রহণ করা হবে।**

২৯/০৫/২০২৬

কন্ট্রোলার অব সিভিলিয়ান পার্সোনেল
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
সেনাবাহিনী সদর দপ্তর